

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ১০/২০১৯

তারিখ : ২৭ - ০৮ - ২০১৯

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

জাতির শিক্ষক ড. সর্বপল্লী রাধাকৃষ্ণনের আগামী ১৩১ তম জন্মদিবসে তাঁর প্রতি সমিতির পক্ষ থেকে জানাই আমাদের শ্রদ্ধা। আপনাদের সকলকেও শিক্ষক দিবসের প্রাক্কালে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।

গত ৬ আগস্ট, ২০১৯ এর সার্কুলারে আপনাদের অনুরোধ করেছিলাম সপ্তম পে কমিশন অবিলম্বে চালু করার দাবিতে বৃহত্তর আন্দোলনের জন্য প্রস্তুতি নিতে। সেইমতো আগামী ৫ সেপ্টেম্বর, শিক্ষক দিবসের দিন অধ্যাপক সমিতির পক্ষ থেকে বিকেল ৪টের সময় সুবোধ মল্লিক স্কোয়ার থেকে কলেজ স্কোয়ার পর্যন্ত একটি মিছিলের ডাক দেওয়া হয়েছে। আজকের সার্বিক পরিস্থিতি শিক্ষক দিবসের দিনেও আমাদের পথে নামতে বাধ্য করছে।

আমাদের দাবির মধ্যে পে কমিশন চালু করা ছাড়াও রয়েছে চুক্তিভিত্তিক ও আংশিক সময়ের শিক্ষকসহ চুক্তিভিত্তিক গ্রন্থাগারিকদের জন্য নির্দিষ্ট বেতনক্রম ও চাকুরীর নির্দিষ্ট শর্তাবলী প্রণয়ন। গত কিছুদিন যাবৎ শিক্ষকদের ওপর রাজ্যের বিভিন্ন স্থানে যেভাবে নির্মম পুলিশী নির্যাতন চলছে তার আমরা তীব্রভাবে নিন্দা করছি।

আশা করছি আগামী ৫ সেপ্টেম্বর তারিখ শিক্ষক দিবসের দিন এই মিছিলে যোগ দিয়ে আমাদের দাবিগুলিকে সমর্থন করবেন।

ধন্যবাদান্তে -



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪